

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৯, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৫ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৮ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৫ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৮ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ৪০/২০২৬

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ সংশোধনকল্পে আনীত
বিল

যেহেতু বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ (২০১৬ সালের ৩৬ নং আইন) এর
সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (সংশোধন)
আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(১৪৬৬১)

মূল্য : টাকা ৪.০০

২। ২০১৬ সনের ৩৬ নং আইনের ধারা ৯ এর সংশোধন।—বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৬ নং আইন) এর ধারা ৯ এর উপ-ধারা (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৪) নির্বাহী সদস্যগণ সরকার কর্তৃক অতিরিক্ত সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিযুক্ত হইবেন:

তবে শর্ত থাকে যে, সরকার তদকর্তৃক নির্ধারিত মেয়াদ ও শর্তে অন্য কোন ব্যক্তিকেও সদস্য হিসেবে নিযুক্ত করিতে পারিবে।”

৩। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এতদ্বারা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৪২ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত অধ্যাদেশের অধীন কতৃ কার্য বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

বিশ্বায়নের এই যুগে প্রশাসনিক অভিজ্ঞতার পাশাপাশি আন্তর্জাতিক বাজার, বিনিয়োগ, বেসরকারি খাতের গতিপ্রকৃতি ইত্যাদি বিষয়ে অভিজ্ঞ ও জ্ঞানসম্পন্ন ব্যক্তিবর্গ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর নির্বাহী সদস্য হিসেবে নিয়োগ প্রদানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৪২ নং অধ্যাদেশ) জারি করা হয়। উক্ত অধ্যাদেশের বিধানসমূহ অব্যাহত রাখা সমীচীন ও প্রয়োজনীয়।

০২। আন্তর্জাতিক বাজার, বিনিয়োগ, বেসরকারি খাতের গতিপ্রকৃতি ইত্যাদি বিষয়ে অভিজ্ঞ ও জ্ঞানসম্পন্ন ব্যক্তিবর্গের নিয়োগ প্রদানের সুযোগ বহাল রাখার লক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৪২ নং অধ্যাদেশ) এর বিধানসমূহ কার্যকর রাখার উদ্দেশ্যে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৫ প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

তারেক রহমান

ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী।

ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূইয়া
সচিব।